| গ্রন্থাগারে বই পড়ি<br>আলোকিত মানুষ গড়ি | গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার<br>সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়<br>গণগ্রন্থাগার অধিদপ্তর<br>উন্নয়ন ও আইসিটি শাখা | ই-নথি |
|---|---|---|

গণগ্রন্থাগার অধিদপ্তরের ইনোভেশন টিমের ১৫/১২/২০১৯ খ্রি. তারিখের সভার কার্যবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | আবদুল্যাহ হারুন পাশা<br>পরিচালক (অতিরিক্ত সচিব) |
| সভার তারিখ | ১৫/১২/২০১৯ খ্রি. |
| সভার সময় | সকাল ১১:০০টা |
| স্থান | গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা |
| উপস্থিতি | জনাব এ জে এম আব্দুল্যাহেল বাকী, পরিচালক (উন্নয়ন ও আইসিটি), জনাব মো: জিল্লুর রহমান, প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক, জনাব হরেন্দ্রনাথ বসু, প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপপরিচালক), জনাব ফাতেমা খাতুন, লাইব্রেরিয়ান/সহকারী পরিচালক (পরিসংখ্যান ও ওয়েবপোর্টাল) এবং খন্দকার আসিফ মাহতাব, সহকারী পরিচালক (উন্নয়ন ও আইসিটি) |

উপস্থিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। তিনি ইনোভেশন টিমের সদস্য-সচিব ও গণগ্রন্থাগার অধিদপ্তরের সহকারী পরিচালক (উন্নয়ন ও আইসিটি)-কে সভার আলোচিতব্য বিষয় উপস্থাপনের জন্য অনুরোধ করেন। অতঃপর নিম্নবর্ণিত বিষয়সমূহ সভায় উপস্থাপন এবং আলোচনান্তে সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়নকারী/মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | পূর্ববর্তী সভার কার্যবিবরণী অনুমোদন | গত ২৯/১০/২০১৯ খ্রি. তারিখে অনুষ্ঠিত পূর্ববর্তী সভার কার্যবিবরণীতে প্রয়োজনীয় সংশোধন করে তা অনুমোদন ও দৃঢ়ীকরণের বিষয়ে ইনোভেশন টিমের উপস্থিত সদস্যবৃন্দ একমত পোষণ করেন। | গত ২৯/১০/২০১৯ খ্রি. তারিখে অনুষ্ঠিত পূর্ববর্তী সভার কার্যবিবরণী অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়। | ইনোভেশন টিম |

| | | | | |
|---|---|---|---|---|
| ২. | উদ্ভাবনী পরিকল্পনা ২০১৯-২০ | সদস্য-সচিব জানান যে, বিগত সভার সিদ্ধান্ত মোতাবেক বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ের অফিস থেকে নতুন ইনোভেশন আইডিয়া আহ্বান করা প্রয়োজন যার মাধ্যমে বিদ্যমান সেবার প্রসেস ম্যাপ সহজীকরণ সম্ভব হবে। সভায় উপস্থিত সদস্যবৃন্দ বিভাগ, জেলা ও উপজেলা থেকে আরো নতুন ও অভিনব আইডিয়া চেয়ে বিস্তারিত নির্দেশনাসহ পত্র প্রেরণ করার বিষয়ে একমত পোষণ করেন। সভাপতি বিভাগীয় সরকারি গণগ্রন্থাগারসমূহ কর্তৃক ০২ (দুই) মাস পরপর বিভাগীয় ইনোভেশন সভা আয়োজনের পরামর্শ প্রদান করেন এবং উপস্থিত কর্মকর্তাবৃন্দ একমত প্রকাশ করেন। সদস্য-সচিব জানান যে, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক যেকোন সময় ইনোভেশন শোকেসিং আয়োজন করা হতে পারে। উক্ত শো-কেসিং এ অংশগ্রহণের পূর্বপ্রস্তুতি হিসেবে বিভাগ ও জেলাসমূহ থেকে চলমান ইনোভেশন কার্যক্রমের তথ্যাদিসহ সচিত্র প্রতিবেদন চাওয়া প্রয়োজন। ইনোভেশন টিম শোকেসিং-এর জন্য পাওয়ারপয়েন্ট, ব্যানার, ফেস্টুন ইত্যাদি প্রস্তুত করার বিষয়ে একমত পোষণ করেন। | ক) বিভাগ, জেলা ও উপজেলা থেকে আরো নতুন ও অভিনব আইডিয়া চেয়ে বিস্তারিত নির্দেশনাসহ পত্র প্রেরণ করা;<br>খ) বিভাগীয় পর্যায়ে প্রতি ০২ (দুই) মাস পরপর বিভাগীয় সরকারি গণগ্রন্থাগারসমূহ থেকে ইনোভেশন সভা আয়োজন করা;<br>গ) বিভাগ ও জেলাসমূহ থেকে চলমান ইনোভেশন কার্যক্রমের তথ্যাদিসহ সচিত্র প্রতিবেদন চাওয়া এবং পাওয়ারপয়েন্ট, ব্যানার, ফেস্টুন ইত্যাদি প্রস্তুত করা। | ক) সহকারী পরিচালক (উন্নয়ন ও আইসিটি)<br>খ) প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক /সহকারী পরিচালক (সকল বিভাগ), প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপপরিচালক), সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ঢাকা<br>গ) ইনোভেশন টিম। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩. | বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন নির্দেশিকা, ২০১৯-২০২০ | (ক) বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগারের ইনোভেশন হিসেবে শিশু-কিশোর পাঠকক্ষের উন্নয়ন সংক্রান্ত আলোচনাকালে ইনোভেশন অফিসার জানান যে, শিশু পাঠকক্ষের জন্য টেলিভিশন ও বই ক্রয় করা হয়েছে। সভায় টেলিভিশনটি সংযোজন এবং বইসমূহ সেল্ফে সাজানোর বিষয়ে একমত প্রকাশ করা হয়। শিশু পাঠকক্ষের উন্নয়ন সংক্রান্ত উদ্ভাবনটিকে পাইলটিং করার বিষয়ে সভায় একমত প্রকাশ করা হয়।<br>(খ) গণগ্রন্থাগার অধিদপ্তরের আওতাধীন সকল গ্রন্থাগার চত্বরের শোভাবর্ধনের জন্য ফুলের বাগান তৈরি/উন্নয়ন সংক্রান্ত পত্র মাঠপর্যায়ে প্রেরণ করা হয়েছে।<br>(গ) গণগ্রন্থাগার অধিদপ্তরের জন্য ইনোভেশন কোড (কোড নম্বর-৩২৫৬১০৫) বরাদ্দসহ এ খাতে ৩০.০০ লক্ষ টাকা বরাদ্দ চেয়ে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করার জন্য প্রশাসন শাখাকে পুণরায় তাগিদ প্রদানের বিষয়ে সভায় একমত প্রকাশ করা হয়;<br>(ঘ) মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী সফলভাবে ১ (এক) দিনের উদ্ভাবনী কর্মশালা/ওরিয়েন্টেশন গত ১২/১০/২০১৯ তারিখে গণগ্রন্থাগার অধিদপ্তেরর সভাকক্ষে অনুষ্ঠিত হয়। এ পরিপ্রেক্ষিতে সিলেট অথবা সুবিধাজনক স্থানে অতি দ্রুত ২ (দুই) দিনের কর্মশালা আয়োজনের বিষয়ে সভায় একমত প্রকাশ করা হয়। | ক) শিশু-কিশোর পাঠকক্ষের উন্নয়নকল্পে ক্রয়কৃত টেলিভিশনটি সংযোজন এবং বইসমূহ সেল্ফে সাজানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;<br>খ) শিশু পাঠকক্ষের উন্নয়ন সংক্রান্ত উদ্ভাবনটির পাইলটিং করার জন্য অফিসাদেশ জারি করা;<br>গ) ইনোভেশন কোডে (কোড নম্বর-৩২৫৬১০৫) বরাদ্দসহ এ খাতে ৩০.০০ লক্ষ টাকা বরাদ্দ চেয়ে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা;<br>ঘ) মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ২ (দুই) দিনের উদ্ভাবনী কর্মশালা আয়োজন করার জন্য সিলেট অথবা সুবিধাজনক স্থানে সম্ভাব্যতা যাচাই করা। | ক) প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপপরিচালক);<br>খ) সদস্য-সচিব ইনোভেশন টিম;<br>গ) সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব)<br>ঘ) সহকারী পরচিালক (প্রশাসন ও হিসাব) এবং সহকারী পরিচালক (উন্নয়ন ও আইসিটি) |

আর কোন আলোচনা না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

আবদুল্যাহ হারুন পাশা
পরিচালক (অতিরিক্ত সচিব)

স্মারক নম্বর: ৪৩.২৬.০০০০.০০৬.০৬.০০৩.১৮.২৭২

তারিখ: ৩ পৌষ ১৪২৬
১৮ ডিসেম্বর ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) চিফ ইনোভেশন অফিসার , সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

২) পরিচালক, পরিচালক (লাইব্রেরি, উন্নয়ন ও আইটি), গণগ্রন্থাগার অধিদপ্তর

৩) প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক, প্রশাসন ও হিসাব , গণগ্রন্থাগার অধিদপ্তর

৪) প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপপরিচালক), সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, গণগ্রন্থাগার অধিদপ্তর

৫) প্রোগ্রামার , আইসিটি সেল, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

৬) লাইব্রেরিয়ান / সহকারী পরিচালক, পরিসংখ্যান ও ওয়েব পোর্টাল শাখা, গণগ্রন্থাগার অধিদপ্তর

৭) সহকারী পরিচালক, প্রশাসন ও হিসাব এবং রক্ষণাবেক্ষণ শাখা, গণগ্রন্থাগার অধিদপ্তর

৮) মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), গণগ্রন্থাগার অধিদপ্তর

৯) পাঠকক্ষ সহকারী, প্রশাসন ও হিসাব এবং রক্ষণাবেক্ষণ শাখা, গণগ্রন্থাগার অধিদপ্তর

১০) প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক/প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপপরিচালক), (সকল)।

১১) সিনিয়র লাইব্রেরিয়ান/ লাইব্রেরিয়ান/ সহকারী পরিচালক, (সকল)

খন্দকার আসিফ মাহতাব
সহকারী পরিচালক